জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে 'উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ, আসন বিন্যাস, গেইট ডিজাইন, গেইট নির্মাণ, ব্যানার ডিজাইন ও তৈরী, শব্দ ব্যবস্থাপনা, ক্রেস্ট তৈরী, মঞ্চের ফোল্ডার, আইসিটি সম্পর্কিত এবং ইভেন্ট ব্যবস্থাপনা ইত্যাদি' বিষয়ে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মোহসীন
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ২৭ জানুয়ারি, ২০২০
সময় : সকাল ১১.০০ টা
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ

উপস্থিতি : উপস্থিতি হাজিরা সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে এ কমিটির সদস্যসচিব পরিচালক (প্রশাসন) আগামী ১০ মার্চ ২০২০ তারিখে বাংলাদেশ সচিবালয়ে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিতব্য জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস সুন্দরভাবে উদযাপনে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ অভিজ্ঞতা ও পরামর্শ উপস্থাপন করতে অনুরোধ জানান। তিনি বলেন এ বছর দিবসে প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে:

'দুর্যোগ ঝুঁকিহ্রাস পূর্ব প্রস্তুতি
টেকসই উন্নয়নে আনবে গতি'

সভায় উপস্থিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব জনাব আলী রেজা মজিদ সভায় জানান, বিগত বছর গুলোর ন্যায় চলতি ২০২০ সনের জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উদযাপনে এ কমিটি কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রমের উপর বাজেট প্রণয়ন করে তা আগামী ০২ দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে অনুরোধ জানান। এতদবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। **ইভেন্ট ম্যানেজম্যান্ট ব্যবস্থাপনা প্রতিষ্ঠান** নিয়োগ সাপেক্ষে নিম্নে বর্ণিত বিষয়ে কার্যক্রম গ্রহণ যেতে পারে। সভায় আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে পেশ করা হলো:

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ তৈরি	ওসমানী স্মৃতি মিলনায়তনের মূল মঞ্চ সঠিক রেখে ইভেন্ট ম্যানেজম্যান্ট মাধ্যমে মঞ্চ সাজাতে হবে। মন্ত্রণালয়ের সামনে সভার পূর্বে আগামী ২ (দুই) দিনের মধ্যে এ কার্যক্রম সম্ভাব্য বাজেট পেশ করতে হবে। মূল মঞ্চের বাম পাশে বঙ্গবন্ধুর ছবি এবং ডানপাশে মাননীয় প্রধানমন্ত্রীর ছবি টানানো যেতে পারে। মাঝখানে মুজিব শতবর্ষের ক্ষণগণনার ঘড়ি সংযোগ করা যেতে পারে। এছাড়া মঞ্চে ও মঞ্চের বাহিরে প্রয়োজনীয় সংখ্যক LED TV স্থাপন করে পুরো অনুষ্ঠান প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সাথে পরামর্শক্রমে চূড়ান্ত কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।	পরিচালক (প্রশাসন) উপপরিচালক (প্র-২)
০২	মিলনায়তনের ভিতরে আসন বিন্যাস	মিলনায়তনের ভিতর শ্রেণি ও পেশা ভিত্তিক আসন বিন্যাস করে তা সংরক্ষণ এবং স্বেচ্ছাসেবক/স্কাউটদের নিয়োগ করে ব্যবস্থাপনার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাথমিকভাবে ১২০০ জন অতিথি/ জনসমাগম হবে বলে ধরা হয়। মিলনায়তনের ভিতরে ৮০০ জন ও বাইরে বিভিন্ন স্টলে ৪০০ জন লোকের বসার আয়োজন করতে হবে। এ ব্যাপারে সভাপতি সরেজমিনে পরিদর্শন করে সিদ্ধান্ত নিলে ভালো হয়। মিলনায়তনের বাইরে প্রয়োজনীয় সংখ্যক সোফাসেট, চেয়ার সাজানোর ব্যবস্থা করা যেতে পারে।	পরিচালক (কাবিখা)
০৩	মিলনায়তনের বাহিরে মূল গেইট এর ডিজাইন এবং নির্মাণ	নির্বাচিত ইভেন্ট ম্যানেজম্যান্ট প্রতিষ্ঠান দ্বারা মিলনায়তনের বাহিরে প্রধান প্রবেশ পথ, সিঁড়ির দুই পাশে, ভবনের প্রবেশ পথ এবং বাংলাদেশ সচিবালয়ের দক্ষিণ পার্শ্বের প্রবেশ পথে আকর্ষণীয় ডিজাইনের গেইট নির্মাণ করতে হবে।	উপপরিচালক (প্র-২)
০৪	মিলনায়তনের বাহিরে ওভিতরে ব্যানার তৈরী	নির্বাচিত ইভেন্ট ম্যানেজম্যান্ট প্রতিষ্ঠান দ্বারা মিলনায়তনের বাহিরে ও ভিতরে ব্যানার তৈরি ও প্রদর্শন	উপপরিচালক (প্র-২)
০৫	মিলনায়তনে শব্দ ব্যবস্থাপনা	নির্বাচিত ইভেন্ট ম্যানেজম্যান্ট প্রতিষ্ঠান দ্বারা মিলনায়তনের ভিতরে শব্দ ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ	উপপরিচালক (প্র-২)
০৬	অতিথি বৃন্দের জন্য ক্রেস্ট তৈরী	মাননীয় প্রধান অতিথি-০১ জন, বিশেষ অতিথি-০২ জন, সভাপতি-০১ জন, মূল প্রতিপাদ্য উপস্থাপক-০১ জন, অন্যান্য আরো-০৩ জনসহ মোট ০৮টি ক্রেস্ট তৈরির সিদ্ধান্ত হয়।	পরিচালক (ত্রাণ)

চলমান পাতা/০২

Scanned by CamScanner

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৭	অতিথি বৃন্দের জন্য মঞ্চে ফোল্ডার সরবরাহ	মাননীয় প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতি, মূল প্রতিপাদ্য উপস্থাপক এবং অন্যান্য আরো -০৫ জনসহ মোট ১০টি ফোল্ডার তৈরির সিদ্ধান্ত হয়।	উপপরিচালক (প্র-২)
০৮	আইসিটি সম্পর্কিত	ওসমানী স্মৃতি মিলনায়তনের ভিতর ও বাহিরে LED TV স্থাপন এবং তা অনুষ্ঠান চলাকালীন সময় পর্যন্ত সঠিক পরিচালনার দায়িত্ব পালনে নির্বাচিত ইভেন্ট ম্যানেজম্যান্ট প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়।	উপপরিচালক (প্র-২)
০৯	বাজেট	ওসমানী স্মৃতি মিলনায়তনসহ সংলগ্ন রাস্তা ও সচিবালয়ের দক্ষিণ গেইট ইভেন্ট ম্যানেজম্যান্টে এর মাধ্যমে সম্পাদনের জন্য সম্ভাব্য ১৫,১২,০০০/- টাকার প্রস্তুতকৃত বাজেট অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।	পরিচালক (প্রশাসন)
১০	কো-অপট সদস্য	সভায় বিস্তারিত আলোচনান্তে এ অধিদপ্তরের উপপরিচালক (প্রশসান-২) ডা. সঞ্জীব সূত্রধর (উপসচিব) এবং জনাব সৈয়দ আশরাফ উল আলম, কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট- দ্বয়কে কো-অপট সদস্য হিসেবে এ কমিটিতে অন্তভুক্ত করার সিদ্ধান্ত হয়।	পরিচালক (প্রশাসন)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১/২০২০

(মোঃ মোহসীন)
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ও
আহবায়ক

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.২৩.০০৫.২০.৮৩ তারিখ: ৩০-০১-২০২০ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

০১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব আলী রেজা মজিদ, অতিরিক্ত সচিব (সিপিপি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। ব্রিগেডিয়ার জেনারেল সাজ্জাদ হোসেন, (পিএসসি), মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
০৪। জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক, পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৫। জনাব মোঃ ইফতেখারুল ইসলাম, পরিচালক (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
০৭। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
০৮। জেলা প্রশাসক, ঢাকা।
০৯। জনাব আবু সাইদ মোঃ কামাল, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। জনাব মোঃ সেলিম হোসেন, জনসংযোগ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। জনাব মোঃ অলিদ বিন আসাদ, সিস্টেম এ্যানালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। Country Director, UNDP, আইডিবি ভবন, শেরে-বাংলা নগর, ঢাকা।
১৩। উপপরিচালক (বাজেট ও হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৪। উপপরিচালক (প্রশাসন-১/ প্রশাসন-২), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৬ মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৭ পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

২৯/০১/২০২০

(মোঃ হারুন-অর-রশিদ মোল্লা)
(অতিরিক্ত সচিব)
পরিচালক (প্রশাসন
ও
সদস্য সচিব
ফোন: ৯৮৯২৩৯৮
মোবাইল নম্বর: ০১৭১১-৯৬৬০১৯

Scanned by CamScanner